Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 02 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ‘বি ইউনিট’ (মানবিক শাখা) এর ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।শুক্রবার (২ মে) বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারা দেশের ১৯টি সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ইবিতে এবার পরীক্ষার্থীদের জন্য পাঁচটি ভবনে মোট ৬ হাজার ৯২৪টি আসনের ব্যবস্থা করা হয়।পরীক্ষায় উপস্থিতির হার ছিল ৯৬ শতাংশ, যা প্রশাসন ও সংশ্লিষ্টদের সফল ব্যবস্থাপনারই প্রতিফলন বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

পরীক্ষার আগে উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ প্রধান ফটকের সামনে স্থাপিত বিভিন্ন সেবা কেন্দ্র পরিদর্শন করেন এবং পরবর্তীতে পরীক্ষাকেন্দ্র ঘুরে দেখেন।এসময় উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. এয়াকুব আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. মনজুরুল হকসহ অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে। পাশাপাশি পরীক্ষার্থীদের সহায়তায় প্রক্টরিয়াল বডি, বিএনসিসি, রোভার স্কাউট, স্বাস্থ্য ও তথ্য কর্নার এবং বিভিন্ন ছাত্র সংগঠনের সাহায্য কেন্দ্র কার্যকর ভূমিকা রাখে।

উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “এবারের ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।শিক্ষার্থীদের উপস্থিতি ভালো ছিল এবং প্রশ্নপত্র নিয়েও সন্তুষ্টি প্রকাশ করেছেন

তারা।’

ভর্তি পরীক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:16

URL: https://www.timestodaybd.com/campus/997601774